

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক

ফার্মগেট, ঢাকা-১২১৫।

নং- ১২.২০.০০০০.০২০.৩১.১৮১.২০.৩০২

তারিখ: ১৬/০৪/২০২৩ খ্রি:

অফিস আদেশ

ড. মোঃ খাইরুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা) এর ০২ মার্চ ২০২৩ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের চাকুরী হতে ইস্তফা প্রদান সংক্রান্ত ০৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের পত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের উচ্চ শিক্ষা বন্ডটি নিয়োগকারী প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে হস্তান্তরিত হয়েছে। বন্ডে উল্লিখিত “ কোর্স সমাপান্তে আমি অত্র প্রতিষ্ঠানে ৬ (ছয়) বৎসর চাকুরী করতে বাধ্য থাকব, অন্যথায় সরকার/বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা প্রদানে বাধ্য থাকব”- শর্তটি বর্তমানে কৃষি গবেষণা কাউন্সিলে প্রযোজ্য। পরীক্ষান্ত দেখা যায়, কোর্স সমাপ্ত করে আপনি ০৩ জুন ২০১৭ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে যোগদান করেছিলেন। সে মোতাবেক বন্ডের মেয়াদ ৬ (ছয়) বছর অতিক্রান্ত না হওয়ায় কাউন্সিলকে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা প্রদান করতে হবে।

এমতাবস্থায়, অবিলম্বে বন্ডের শর্ত মোতাবেক ৬,০০,০০০.০০ (ছয় লক্ষ) টাকা বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায়, আপনার চাকুরী হতে ইস্তফাপত্র গ্রহণ করা হবেনা এবং প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ আব্দুল মোত্তাকিন)
পরিচালক (সাপোর্ট সার্ভিস)
বিএআরসি, ঢাকা।

প্রতি,

ড.মোঃ খাইরুল আলম,
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা),
বিএআরসি, ঢাকা।

নং- ১২.২০.০০০০.০২০.৩১.১৮১.২০.

তারিখ: ১৬/০৪/২০২৩ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
২. সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ/এনআরএম), বিএআরসি, ঢাকা।
৩. পরিচালক (অর্থ), বিএআরসি, ঢাকা।
৪. পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বিএআরসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপ-পরিচালক (সংস্থাপন), বিএআরসি, ঢাকা।
৬. সিনিয়র সহকারী পরিচালক (নিরীক্ষা), বিএআরসি, ঢাকা।
৭. সহকারী পরিচালক, (সংস্থাপন), বিএআরসি, ঢাকা।
৮. একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএআরসি, ঢাকা।
৯. হিসাবরক্ষক, হিসাবশাখা, বিএআরসি, ঢাকা।
১০. অফিস আদেশ তালিকা, বিএআরসি, ঢাকা।


১৬/০৪/২০২৩
(মোঃ আব্দুল মোত্তাকিন)
পরিচালক (সাপোর্ট সার্ভিস)
বিএআরসি, ঢাকা।